

## جمعية الدعوة والإرشاد وتنمية الجاليات بالزلفي

### مشروع تعلم الإسلام - أحكام اللباس

#### দ্বিতীয় দার্স

#### الدرس الثاني

৩। পুরুষদের গাঁটের নীচে কাপড় ঝুলিয়ে পরাও হারাম। আবু হুরাইরা-<sup>رض</sup>-থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ-<sup>ص</sup>-বলেছেন,

((مَا أَسْفَلَ مِنْ الْكَعْبَيْنِ مِنْ الْإِزَارِ فِي النَّارِ)) [رواه البخاري ٥٧٨٧]

“গাঁটের নীচের সেই অংশটুকু জাহানামে যাবে, যার নীচে কাপড় ঝুলে।” (বুখারী ৫৭৮৭) লম্বা জামা, পায়জামা, প্যান্ট এবং লুঙ্গি ইত্যাদি সবই (গাঁটের নীচে) ঝুলানো নিষেধ। আর এটা তার সাথে নির্দিষ্ট নয়, যে অহংকার ক'রে ঝুলায়। হ্যাঁ, যে গর্ব ও অহংকার ক'রে ঝুলায় তার শাস্তি হবে অতীব কঠিন। যেমন, ইবনে উমার-<sup>رض</sup>-থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ-<sup>ص</sup>-বলেছেন,

((مَنْ جَرَّ ثُوبَةً خُلَاءً لَمْ يَنْظُرِ اللَّهُ إِلَيْهِ يَوْمَ الْقِيَامَةِ)) [متفق عليه ٣٦٦٥-٢٠٨٥]

“যে গর্ব ও অহংকার ক'রে (গাঁটের নীচে) কাপড় ঝুলায়, কিয়ামতের দিন আল্লাহ তাকে রহমতের দৃষ্টিতে দেখবেন না।” (বুখারী ৩৬৬৫-মুসলিম ২০৮৫) তবে মহিলাদের জন্য জরুরী হচ্ছে, তারা ততদুর পর্যন্ত কাপড় ঝুলাবে, যাতে তাদের পা দু’টি ঢাকা যায়।

৪। পুরুষ ও মহিলাদের জন্য এমন পাতলা-বালুকালে কাপড় পরা জায়েয নয়, যা লজ্জাস্থান আবৃত করে না এবং এমন সংকীর্ণ যেন না হয়, যাতে তা (লজ্জাস্থান) প্রকাশ হয়ে পড়ে।

৫। পোশাকে পুরুষদের উপর মহিলাদের সাদৃশ্য গ্রহণ করা এবং মহিলাদের উপর পুরুষদের সাদৃশ্য গ্রহণ করা হারাম। ইবনে আকাস-<sup>رض</sup>-থেকে বর্ণিত, তিনি বলেন,

((لَعْنَ رَسُولِ اللَّهِ -ص- -الْمُتَشَبِّهِينَ مِنْ الرِّجَالِ بِالنِّسَاءِ وَالْمُتَشَبِّهَاتِ مِنِ النِّسَاءِ بِالرِّجَالِ)) [رواه البخاري ٥٨٨٥]

“রাসূলুল্লাহ-<sup>ص</sup>-অভিসম্পাদ করেছেন সেই পুরুষদের, যারা মহিলাদের সাদৃশ্য গ্রহণ করে এবং সেই মহিলাদের, যারা পুরুষদের সাদৃশ্য গ্রহণ করে।” (বুখারী ৫৮৮৫)

৬। কাফেরদের পোশাকের সাদৃশ্য গ্রহণ করাও হারাম। কাজেই মুসলিমের এমন পোশাক পরা জায়েয নয়, যা কাফেরদের জন্য নির্দিষ্ট। আবুল্লাহ ইবনে আম্র ইবনে আ’স (রায়ীআল্লাহ আনহুমা) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ-<sup>ص</sup>-আমার পরিহিত দু’টি গেরুয়া রঙের কাপড় দেখে বললেন,

((إِنَّ هَذِهِ مِنْ ثِيَابِ الْكُفَّارِ فَلَا تَأْبِسْهَا)) [مسلم ٢٠٧٧]

“অবশ্যই এটা কাফেরদের কাপড়, অতএব তা পরিধান করো না।” (মুসলিম ২০৭৭)